

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৭৫৪

১/ বিবিধ

আরবী

أتاني جبريل عليه السلام فقال: إذا أنت عطست فقل: الحمد لله كرمه، والحمد لله كعز جلاله، فإن الله عز وجل يقول: صدق عبدي، صدق عبدي، صدق عبدي، مغفورا له
ضعيف جدا

أخرجه ابن السني (254) من طريق معمر بن محمد بن عبيد الله بن أبي رافع: حدثنا أبي محمد عن أبيه عبيد الله عن أبي رافع رضي الله عنه قال: "خرجت مع رسول الله صلى الله عليه وسلم من بيته يريد المسجد، وهو آخذ بيدي، فأنتهينا إلى البقيع، فعطس رسول الله صلى الله عليه وسلم، فخلى يدي، ثم قام كالمتحير، فقلت: يا نبي الله! بأبي وأمي، قلت شيئا لم أفهمه، قال: نعم، أتاني جبريل ...

قلت: وهذا إسناد ضعيف جدا، معمر بن محمد بن عبيد الله وأبو هـ، كلاهما منكر الحديث، كما قال البخاري

বাংলা

১৭৫৪। জিবরাল (আঃ) আমার নিকট এসে বললেনঃ আপনি যখন হাঁচি দিবেন তখন বলুনঃ "আলহামদুলিল্লাহি কা কারামিহি, আলহামদুলিল্লাহি কা ইযযি জালালিহি"। কারণ তাহলে আল্লাহ্ বলেনঃ আমার বান্দা সত্য বলেছে, আমার বান্দা সত্য বলেছে, আমার বান্দা সত্য বলেছে। অতএব তাকে ক্ষমা করে দেয়া হলো।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনুস সুন্নী (২৫৪) মা'মার ইবনু মুহাম্মাদ ইবনু ওবাইদুল্লাহ ইবনু আবু রাফে' সূত্রে তার পিতা মুহাম্মাদ হতে, তিনি তার পিতা ওবাইদুল্লাহ হতে, তিনি আবু রাফে হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে তার ঘর হতে মসজিদের উদ্দেশ্যে বের হলাম, এ সময় তিনি আমার হাত ধরে ছিলেন। আমরা বাকী' পর্যন্ত পৌঁছেলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁচি দিলেন, অতঃপর তিনি আমার হাত ছেড়ে দিলেন। এরপর তিনি বিচলিত হয়ে দাঁড়ালেন। আমি বললামঃ হে আল্লাহর নবী! আমার পিতা এবং আমার মাতা আপনার জন্য উৎসর্গিত হোক! আপনি কিছু বললেন, কিন্তু আমি তা বুঝিনি। তিনি বললেনঃ হ্যাঁ। আমার নিকট জিবরীল (আঃ) এসেছিলেন ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। কারণ মা'মার ইবনু মুহাম্মাদ এবং তার পিতা মুহাম্মাদ উভয়েই মুনকারুল হাদীস। যেমনটি ইমাম বুখারী বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72637>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন